দৈনিক জনকণ্ঠ

তারিখ 03 JAN 1994
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

০৩

# ছাত্রদের উদ্দেশে প্রধানমন্ত্রীর আহ্বানের প্রশংসা করেছেন শেখ হাসিনা

আওয়ামী লীগ প্রধান ও সংসদে বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা অনগ্রসরতার অভিশাপ থেকে দেশকে মুক্ত করতে নিঃস্বার্থ নেতৃত্বের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন।

রবিবার পাবলিক লাইব্রেরি মিলনায়তনে ছাত্রলীগ আয়োজিত বঙ্গবন্ধু স্মৃতি ইনডোর গেমস্ প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ভাষণদানকালে শেখ হাসিনা এ কথা বলেন। তিনি বলেন, দেশের ভবিষ্যত নেতৃত্বকে যথাযথভাবে গড়ে তুলতে খেলাধুলা এবং বিনোদন অপরিহার্য। খবর বাসস'র।

তিনি বলেন, বিশ্বের অন্যান্য দেশের তুলনায় শিক্ষার হারের দিক থেকে বাংলাদেশ বেশ পিছিয়ে রয়েছে। এ প্রেক্ষিতে তিনি দেশের সর্বত্র শিক্ষার আলো ছড়িয়ে দেয়ার ওপর গুরুত্বারোপ করেন। এ প্রসঙ্গে তিনি আগামী ১০ বছরের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণে তাঁর দলের সম্প্রতি গৃহীত সিদ্ধান্তের কথা উল্লেখ করেন।

বিরোধীদলের নেত্রী শেখ হাসিনা দেশের বর্তমান পরিস্থিতির কথা উল্লেখ করে রাজনীতির ওপর অস্ত্রের আধিপত্যের সমালোচনা করেন। জ্ঞান অন্বেষণের উদ্দেশ্যে

(শেষ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## ছাত্রদের উদ্দেশ্যে

প্রথম পাতার পর

কাগজ-কলম-বই হাতে নিতে ছাত্রদের প্রতি আহবান জানানোর জন্য তিনি প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে ধন্যবাদ জানান।

শেখ হাসিনা বলেন, দেরিতে হলেও এই আহবান জানানোর জন্য আমি তাঁর প্রশংসা করি।

শেখ হাসিনা আওয়ামী লীগের ১৯৭২-৭৫ সালের শাসনকালের কথা উল্লেখ করেন। তিনি বলেন, সম্পদ সীমিত থাকা সত্ত্বেও বঙ্গবন্ধুর সরকার যুদ্ধবিধ্বস্ত দেশে ব্যাপক পুনর্গঠন কর্মসূচী গ্রহণ করেন এবং ওই সময় যোগাযোগ ব্যবস্থা পুনরুদ্ধারের জন্য সারা দেশে ছোটবড় সাড়ে ছ' শ' সেতু পুনর্নির্মাণ করা হয়।